গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.bomd.gov.bd

বিদ্যুৎ ও জ্বালানি নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার

**খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর ২০২৪-২০২৫ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (National Integrity Strategy) কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে প্রথম কোয়ার্টারের নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী (জুলাই-সেপ্টেম্বর, ২০২৪)**

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আব্দুল কাইউম সরকার<br>মহাপরিচালক (অতিরিক্ত সচিব) |
| সভার তারিখ | ২৭ আগস্ট ২০২৪ |
| সভার সময় | দুপুর ৩.০০ টা |
| স্থান | খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর সভা কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কৌশল (National Integrity Strategy) কর্মপরিকল্পনা, ২০২৪-২৫ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত প্রথম সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় আলোচ্যসূচি নিম্নরূপ :

ক. পূর্ববর্তী সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ;
খ. বিএমডির জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর প্রথম ত্রৈমাসিকের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে কোন প্রতিবন্ধকতা আছে কিনা তা চিহ্নিতকরণ ও করণীয় নির্ধারণ; এবং
গ. নৈতিকতা কমিটির কার্যপরিধিভুক্ত বিষয়ে আলোচনা।

**আলোচ্যসূচি ক : পূর্ববর্তী সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ :**

সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব মোসাঃ মাহবুবা খাতুন, উপপরিচালক (প্রশাসন/অর্থ ও পরিকল্পনা) পূর্ববর্তী সভার কার্যবিবরণী উপস্থাপন করেন এবং কমিটির সকল সদস্যকে কার্যবিবরণীর কপি সরবরাহ করা হয়। কোন সংশোধনী না থাকায় কমিটির সদস্যগণের সম্মতিতে পূর্ববর্তী সভার (২০২৩-২৪ অর্থবছরের চতুর্থ কোয়ার্টারের) কার্যবিবরণী নিশ্চিত করা হয়।

**আলোচ্যসূচি খ :** বিএমডির জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর প্রথম ত্রৈমাসিকের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে কোন প্রতিবন্ধকতা আছে কিনা তা চিহ্নিতকরণ ও করণীয় নির্ধারণ :

সভায় বিএমডির জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর প্রথম ত্রৈমাসিকের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। প্রথম ত্রৈমাসিকের লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে কোন প্রতিবন্ধকতা আছে কি-না সে বিষয়ে বাস্তবায়নকারী কর্মকর্তাদের তথ্য উপস্থাপনের জন্য বলা হয়। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

| ক্র. নং | কার্যক্রম | আলোচনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | ১. প্রাতিষ্ঠানিক ব্যবস্থা : | | |
| ১.১ | নৈতিকতা কমিটির সভা আয়োজন | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী ০৪ (চার) কোয়ার্টারে ০৪ টি নৈতিকতা কমিটির সভা আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী অদ্য ২৭ আগস্ট, ২০২৪ তারিখ প্রথম কোয়ার্টারের সভা আয়োজন করা হয়েছে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| ১.২ | নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | নৈতকতা কমিটির সভার গৃহীত সিদ্ধান্ত ১০০% বাস্তবায়ন করার লক্ষ্যমাত্রা রয়েছে। যা নির্ধারিত সময়ের মধ্যে অর্জন করতে হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ১.৩ | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী ০৪ (চার) কোয়ার্টারে ০৪ টি সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজন সভা আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। ৩০ সেপ্টেম্বর, ২০২৪ তারিখের মধ্যে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে প্রথম সভা আয়োজন করা হবে। প্রথম সভাটি বিএমডির নাগরিক সেবা গ্রহণকারী ইজারাদারদের নিয়ে আয়োজন করা যেতে পারে। | পরিচালক |
| ১.৪ | শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ | ২০২৪-২৫ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় ০২ (দুই) টি প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। প্রথম প্রশিক্ষণটি ইতোমধ্যে গত ১৯-০৮-২০২৪ তারিখে আয়োজন করা হয়। দ্বিতীয় প্রশিক্ষণটি তৃতীয় কোয়ার্টারের মধ্যে আয়োজন করা হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ১.৫ | কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/নথি বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/৪র্থ শ্রেণির কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করা ইত্যাদি ) | কর্ম-পরিবেশ উন্নয়নের অংশ হিসাবে বছরব্যাপী ০৪ টি কার্যক্রম বাস্তবায়নের পরিকল্পনা রয়েছে। পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি কার্যক্রম অনুযায়ী বিএমডির কর্মকর্তা/কর্মচারীর সমন্বয়ে গঠিত পরিষ্কার-পরিচ্ছন্নতা মনিটরিং টিম নিয়মিত অফিস আঙ্গিনা এবং টয়লেটসমূহ পরিদর্শন করে নির্ধারিত পরিদর্শন ছকে মন্তব্যসহ স্বাক্ষর করবে। এছাড়া মনিটরিং টিম কর্তৃক প্রত্যেক কোয়ার্টারে একটি করে সভা আয়োজন করা হবে। প্রথম কোয়ার্টারের সভাটি ০৩, সেপ্টেম্বর ২০২৪ তারিখে আয়োজন করা হবে। অন্যান্য কার্যক্রমসমূহ পরবর্তী কোয়ার্টারগুলোতে সম্পন্ন করা যেতে পারে। | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
| | **২. আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন :** | | |
| ২.১ | ২০২৪-২৫ অর্থ বছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | ২০২৪-২৫ অর্থবছরের রাজস্ব বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ৩১-০৭-২০২৪ তারিখের মধ্যে ওয়েবসাইটে প্রকাশের লক্ষ্যমাত্রা রয়েছে। যা ইতোমধ্যে অর্থাৎ ১১-০৭-২০২৪ তারিখে ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। | ক্রয়/সংগ্রহণ কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| ২.২ | অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেটের) | অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব বাজেটের)-এর লক্ষ্যে ইতোমধ্যে বিভিন্ন ক্রয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে। | ক্রয়/সংগ্রহণ কর্মকর্তা |
| ২.৩ | রাজস্ব বাজেট বাস্তবায়ন | বিএমডির ২০২৪-২৫ অর্থবছরের রাজস্ব বাজেটে বরাদ্দ রয়েছে ৮ কোটি ৭১ লক্ষ টাকা। যার ১৫% প্রথম কোয়ার্টারে বাস্তবায়ন করতে হবে। | ক্রয়/সংগ্রহণ কর্মকর্তা |
| | **৩. শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম :** | | |
| ৩.১ | সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২৪-২৫ অনুযায়ী সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে। বিধি মোতাবেক ব্যবহার হচ্ছে কিনা সে সম্পর্কে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে এবং তা দপ্তর প্রধানকে প্রতিস্বাক্ষর করতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ৩.২ | বেআইনী/অবৈধভাবে খনিজ সম্পদ উত্তোলন বন্ধে জনসচেতনতা তৈরির লক্ষ্যে সিলেট বিভাগের কোয়ারি সমৃদ্ধ এলাকায় স্থানীয় পত্রিকায় গণবিজ্ঞপ্তি জারি | এই প্রসঙ্গে উপপরিচালক (খনি ও খনিজ) জানান, সিলেট বিভাগের কোয়ারি সমৃদ্ধ এলাকা সরেজমিন পরিদর্শন করা হবে। প্রতিবেদনের সুপারিশ অনুযায়ী যে সকল এলাকায় বেআইনী/অবৈধভাবে খনিজ সম্পদ উত্তোলন/পরিবহন হয় সে সকল এলাকার বহুল প্রচারিত স্থানীয় পত্রিকায় বেআইনী/অবৈধভাবে খনিজ সম্পদ উত্তোলন বন্ধে জনসচেতনতা তৈরির লক্ষ্যে গণবিজ্ঞপ্তি জারি করা হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ৩.৫ | সিলিকাবালু কোয়ারিসমূহের পরিবেশগত সমীক্ষা প্রণয়নপূর্বক পরিবেশ অধিদপ্তর হতে অনুমোদন গ্রহণ | সহকারী পরিচালক (ভূ-রসায়ন) সভায় জানান, মৌলভীবাজার ও হবিগঞ্জ জেলার ৭৫ টি সিলিকা বালু কোয়ারির পরিবেশগত প্রভাব নিরুপনের লক্ষ্যে গত ১৩-০৮-২০২৪ তারিখে Expression of Interest (EOI) বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। EOI দাখিল করা হলে সেগুলো মূল্যায়নপূর্বক Short List করে Request for Proposal (REP) প্রেরণ করা হবে। সভাপতি বর্ণিত কার্যক্রম সম্পাদনে পিপিআর, ২০০৮ যথাযথভাবে অনুসরণ করে দ্রুত মূল্যায়ন কার্যক্রম সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন। | |
| | | | |

**আলোচ্যসূচি-গ. নৈতিকতা কমিটির কার্যপরিধিভূক্ত বিষয়ে আলোচনা :**

এ পর্যায়ে বিএমডির নৈতিকতা কমিটির কার্যপরিধিভুক্ত বিষয়ে আলোচনার জন্য কমিটির গঠন ও কর্মপরিধি উপস্থাপন করা হয়। কার্যপরিধিতে শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে ব্যুরোর অর্জিত সাফল্য এবং সেবা প্রদানে কোন প্রতিবন্ধকতা থাকলে সে বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হতে পারে এবং প্রতিবন্ধকতা দূরীকরণে বিএমডি কি ব্যবস্থা নিতে পারে সে বিষয়ে আলোচনা হতে পারে মর্মে জানানো হয়। বিএমডি যেহেতু নাগরিক সেবা প্রদান করে সেহেতু অত্র দপ্তরে আগত সেবা গ্রহীতাদের সাথে বিএমডির কর্মকর্তা/কর্মচারীদের আচরণ সন্তোষজনক হচ্ছে কিনা সে বিষয়ে মনিটরিং করা প্রয়োজন। মহাপরিচালক মহোদয় বিএমডির সেবা গ্রহণ করতে এসে কোন সেবা গ্রহীতা যেন অসন্তুষ্ট এবং হয়রানির শিকার না হয় সে বিষয়ে সজাগ দৃষ্টি রাখার নির্দেশনা প্রদান করেন। তিনি কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণে সেবাগ্রহীতাদের সাথে আচরণ ও দায়িত্ব কর্তব্যের বিষয়টি অন্তর্ভুক্ত করার জন্য বলেন।

**প্রথম কোয়ার্টারের সভায় গৃহীত সিদ্ধান্ত :** বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র. নং | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১. | ৩০ সেপ্টেম্বর, ২০২৪ তারিখের মধ্যে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) প্রথম সভা আয়োজন করতে হবে। | পরিচালক এবং ফোকাল পয়েন্ট |
| ২. | বিএমডির কর্মপরিবেশ উন্নয়নের লক্ষ্যে গঠিত কমিটি নিয়মিত অফিস আঙ্গিনা এবং টয়লেটসমূহ পরিদর্শন করে নির্ধারিত ছকে মন্তব্যসহ স্বাক্ষর করবে। কমিটির প্রথম সভা ০৩ সেপ্টেম্বর, ২০২৪ তারিখে আয়োজন করতে হবে। | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |

| | | |
|---|---|---|
| ৩. | সিলিকাবালু কোয়ারিসমূহের পরিবেশগত সমীক্ষা প্রণয়নপূর্বক পরিবেশ অধিদপ্তর হতে অনুমোদন গ্রহণের লক্ষ্যে যে দরপত্র আহ্বান করা হয়েছে তা পিপিআর, ২০০৮ যথাযথভাবে অনুসরণ করে দ্রুত মূল্যায়ন কাজ সম্পন্ন করতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ৪. | প্রশিক্ষণ/কর্মশালা যথাসময়ের মধ্যে শেষ করতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা |

৩.০। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৫-০৯-২০২৪
মোঃ আব্দুল কাইউম সরকার
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
+৮৮০২৮৩৯১৫৬৭
dg@bomd.gov.bd

তারিখ: ৩১ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
১৫ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**নম্বর:** ২৮.০৭.০০০০.০০৪.৩৬.০০১.১৩.৪৪৭

## বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পরিচালক (যুগ্মসচিব), পরিচালক-এর দপ্তর, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
২। পরিচালক (খনি ও খনিজ) (রুটিন দায়িত্ব), পরিচালক (খনি ও খনিজ)-এর দপ্তর, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
৩। উপপরিচালক (খনি ও খনিজ), উপপরিচালক (খনি ও খনিজ)-এর দপ্তর, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
৪। সহকারী পরিচালক (ভূ-রসায়ন), উপপরিচালক (খনি ও খনিজ)-এর দপ্তর, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
৫। পি. এ টু মহাপরিচালক (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), বিএমডি এবং
৬। অফিস কপি/সংশ্লিষ্ট নথি।

১৫-০৯-২০২৪
মোসাঃ মাহবুবা খাতুন
উপপরিচালক (প্রশাসন/অর্থ ও পরিকল্পনা)